

আত-তারিক | At-Tariq | الطَّارِق

আয়াতঃ ৮৬ : ১৪

আরবি মূল আয়াত:

وَمَا هُوَ بِالْهَزْلِ ﴿١٤﴾

অনুবাদসমূহ:

আর তা অনর্থক নয়। — আল-বায়ান

এবং তা কোন হাসি-ঠাট্টামূলক কথা নয়। — তাইসিরুল

এবং এটা নিরর্থক নয়। — মুজিবুর রহমান

And it is not amusement. — Sahih International

১৪. এবং এটা নিরর্থক নয়।(১)

(১) আসমান ও যমীনের শপথ করে যে কথাটি বলা সেটা হচ্ছে, কুরআনের সত্যতা প্রমাণ করা। [ফাতহুল কাদীর] বলা হয়েছে, এ কুরআন হক ও সত্য বাণী। [ইবন কাসীর] অথবা বলা হয়েছে, কুরআন সত্য ও মিথ্যার ফয়সালাকারী। [ফাতহুল কাদীর] এ কুরআন হাসি-তামাশার জন্য আসে নি। এটা বাস্তব সত্য। [ফাতহুল কাদীর] যা কিছু এতে বিবৃত হয়েছে তা বাস্তব সত্য, যা অবশ্যই সংঘটিত হবে। সুতরাং কুরআন হক আর তার শিক্ষাও হক।

তাফসীরে জাকারিয়া

১৪। এবং এটা প্রহসন নয়। [1]

[1] অর্থাৎ, খেল-তামাশা এবং হাসি-ঠাট্টার বস্তু নয়। هُزْل শব্দটি جِدِّ শব্দের বিপরীতার্থক শব্দ। অর্থাৎ এটি একটি স্পষ্ট সার্থক উদ্দেশ্য বহনকারী কিতাব। খেল-তামাশার মত নিরর্থক প্রহসনমূলক কোন কিতাব নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5945>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন